গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
নীলফামারী সরকারি কলেজ।

বিজ্ঞপ্তি নং- নীঃসঃকঃ ৭৫/২০১৭ তারিখঃ ২০/০৩/২০১৭

২০১৪-১৫ শিক্ষাবর্ষের ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক **website : www.admissions.nu.edu.bd** অথবা nu.edu.bd/admissions

রেজিস্ট্রেশনের আবেদন সংক্রান্ত নিয়মাবলী ও প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে বর্ণিত হলো ঃ

১। ভর্তির যোগ্যতা ঃ

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ০৩ বছর মেয়াদী ডিগ্রী (পাস) ও ০৩ বছর মেয়াদী স্নাতক (সম্মান) কোর্সে উত্তীর্ণ শিক্ষার্থী ২০১৪-১৫ শিক্ষাবর্ষে ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ০৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) কোর্সে পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা উক্ত প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয় সার্টিফিকে কোর্স (৪০০ নম্বর সম্বলিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী আবেদনের যোগ্য।

ঘ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদনের যোগ্য।

ঙ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদনের যোগ্য।

২। অনলাইনে আবেদনের নিয়মাবলী, সময়সূচী ও ধার্যকৃত ফি ঃ

ক) আবেদনের জন্য প্রার্থীকে ১৫/০৩/২০১৭ তারিখ থেকে ৩০/০৩/২০১৭ তারিখ পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুযায়ী ওয়েবসাইট (**www.admissions.nu.edu.bd** অথবা nu.edu.bd/admissions) এ ফরম পূরণ করে ডাউনলোড করতে হবে। আবেদনপত্র ডাউনলোডের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120x150 Pixels, Image type: JPG এবং maximum file size 50 KB. আবেদন ডাউনলোডের পর শিক্ষার্থীর একটি PIN নম্বর পাবে এবং আবেদনপত্র প্রিন্ট করতে হবে। অনলাইন আবেদনে কোন ধরণের ভুল তথ্য উপস্থাপন করা হলে আবেদন সরাসরি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করবে।

খ) আবেদন ফরমের ২টি অংশ থাকবে যার ১ম অংশ কলেজ এবং ২য় অংশ আবেদনকারীর। ফরমের নির্দিষ্ট স্থানে কলেজ অধ্যক্ষ ও প্রার্থীকে স্বাক্ষর করতে হবে।

গ) আবেদনকারী প্রিন্টকৃত ফরম, আবেদন ফি, রেজিস্ট্রেশন ফি ও প্রয়োজনীয় কাগজপত্র স্ব স্ব বিষয়ের বিভাগে জমা দিয়ে ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন সম্পন্ন করবে।

নির্ধারিত ফিসহ আবেদন ফরম কলেজে জমার তারিখ ঃ ২১/০৩/২০১৭ খ্রি. থেকে ৩০/০৩/২০১৭ খ্রিঃ পর্যন্ত
(কলেজ ক্যাশ শাখায় ফি জমার সময় প্রতিদিন সকাল ১০.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত)

আবেদন ফরম জমার স্থান ঃ প্রাণিবিদ্যা বিভাগ, নীলফামারী সরকারি কলেজ।

ফি সমূহ ঃ	আবেদন ফি	ঃ	৩০০/- (তিনশত) টাকা
	রেজিস্ট্রেশন ফি	ঃ	৮০০/- (আটশত) টাকা
	নিরাপত্তা/নৈশ প্রহরী/অত্যাবশকিয় কর্মচারী ফি	ঃ	২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা
	ব্যবস্থাপনা ফি	ঃ	৫০/- (পঞ্চাশ) টাকা
	বিবিধ ফি	ঃ	১০০/- (একশত) টাকা
	আইসিটি ফি	ঃ	২০/- (বিশ) টাকা
	পরিবহন ফি	ঃ	১০০/- (একশত) টাকা
	মসজিদ (মুসলিম শিক্ষার্থীর জন্য) অথবা স্বরস্বতী পূজা ফি (হিন্দু শিক্ষার্থীদের জন্য)	ঃ	৫০/- (পঞ্চাশ) টাকা
	মোট	ঃ	১,৬৭০/- (একহাজার ছয়শত বিশ)

চলমান পাতা- ০২

৩। বিষয় নির্বাচন ঃ

ক) রেজিস্ট্রেশনের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত বিষয়সমূহ ঃ বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা

খ) বিষয় নির্বাচনের ক্ষেত্রে অবশ্যই ডিগ্রী (পাস)/ সমমান পর্যায়ে পঠিত অথবা সার্টিফিকেট কোর্সে (৪০০ নম্বর সম্বলিত বিষয়ে) পরীক্ষায় উত্তীর্ণ বিষয় নির্বাচন করা যাবে।

গ) ডিগ্রী (পাস) কোর্সে পঠিত ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ ইতিহাস বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসেবে ইতিহাস/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়টি গণ্য করা যাবে।

ঘ) নূন্যতম ৪০০ নম্বরের বাংলা ও ইংরেজি ব্যতীত আবশ্যিক বাংলা ও ইংরেজি বিষয় নিয়ে সরাসরি অত্র কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করা যাবে না।

৪। রেজিস্ট্রেশনের শর্তাবলী ঃ

ক) ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের আবেদন করার সময় কোন বিষয়/ কলেজ নির্বাচন করার পর পরবর্তীতে উক্ত বিষয়/কলেজ পরিবর্তনের অনুমতি দেয়া যাবে না।

খ) ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামের জন্য চলতি শিক্ষাবর্ষের বিষয়ভিত্তিক সিলেবাস প্রযোজ্য হবে।

গ) শিক্ষার্থীগণকে রেজিস্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত মেনে নিতে হবে।

ঘ) কোন শিক্ষার্থী একই সময়ে একাধিক কোর্সে কিংবা একাধিক বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠানে অধ্যয়ন করলে দ্বৈত ভর্তিজনিত কারণে উক্ত শিক্ষার্থীর ভর্তি ও ফলাফল বাতিল বলে গণ্য হবে।

ঙ) স্নাতকোত্তর ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।

৫। পূরণকৃত আবেদন ফরমের প্রিন্টকপির সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

ক) এসএসসি/ সমমান, এইচএসসি/ সমমান পরীক্ষা পাশের মূল সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি ১ কপি করে ;

খ) স্নাতক (পাস)/ স্নাতক (সম্মান) পরীক্ষা পাশের সাময়িক সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি ১ কপি করে ;

গ) সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ/ ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ পত্র ১ কপি;

ঘ) স্নাতক (পাস)/ স্নাতক (সম্মান) পরীক্ষা কোর্সের রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি ১ কপি করে ;

ঙ) সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মূল নম্বরপত্র এবং রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি;

চ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে "শিক্ষা ছুটি দেয়া হবে" মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্রের মূল কপি।

ছ) স্নাতক (পাস)/ স্নাতক (সম্মান) পরীক্ষা পাশের মূল প্রশংসা পত্র ;

প্রতিস্বাক্ষর

স্বাক্ষরিত
(প্রফেসর দেবীপ্রসাদ রায়)
অধ্যক্ষ
নীলফামারী সরকারি কলেজ।

স্বাক্ষরিত
আহবায়ক
১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) রেজিঃ কমিটি ২০১৪-১৫
নীলফামারী সরকারি কলেজ।

অনুলিপি ঃ

১। উপাধ্যক্ষ, অত্র কলেজ।
২। বিভাগীয় প্রধান,..................... বিভাগ, অত্র কলেজ
৩। ক্যাশ শাখা, অত্র কলেজ
৪। নোটিশ বোর্ড, অত্র কলেজ।